ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
৩৩ সাগরদিঘীর পাড়, সিলেট।
ই-মেইল : ddfpsylhet@gmail.com

স্মারক নং ঃ জেপপ/সিল/অভিযোগ তদন্ত/২০২০/ তারিখ ঃ -০১- ২০২০

বরাবর

কমান্ডিং অফিসার
এয়ারপোর্ট (১৩) আর্মড পুলিশ ব্যাটালিয়ন
উত্তরা, ঢাকা।

বিষয় ঃ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সিলেট জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সাময়িক বরখাস্তকৃত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ নজরুল ইসলাম এর দেশত্যাগে আপত্তি প্রদান ও ইতোপূর্বে তার বিরুদ্ধে বিমানবন্দর থানা (ঢাকা) কর্তৃক দায়েরকৃত মামলার সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র ঃ ০১। স্মারক নং-জেপপ/সিল/২০১৯/৬২৪; তারিখ ঃ ০১-১২-২০১৯;
০২। স্মারক নং-এপিবি(১৩)এয়ারপোর্ট/প্রশা:/৩৫৩৮; তারিখ ঃ ৩০১-১২-২০১৯;
০৩। স্মারক নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.১৪৮.১৯-৬৯৯; তারিখ ঃ ০৩-১২-২০১৯;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সরকারি টাকা আত্মসাতের অভিযোগে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ নজরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, সিলেট গত ২৭-১১-২০১৯ তারিখে দেশত্যাগ পূর্বক সৌদিআরব গমন করতে চাইলে তাকে আটকানোর জন্য আপনার নিকট নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকমূলে অনুরোধপত্র প্রেরণের প্রেক্ষিতে এয়ারপোর্ট (১৩) আর্মড পুলিশ ব্যাটালিয়ান কর্তৃক শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভিযুক্ত কর্মচারী ধৃত হন।

০২। আপনার কার্যালয়ের সূত্রোক্ত ০২ নং স্মারকমূলে জানা যায় যে, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে গত ২৭-১১-২০১৯ তারিখ বিদেশ গমনের চেষ্টাকালে আনুমানিক ১৬.০০ টায় গোপন সংবাদের ভিত্তিতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ কারপার্কি এলাকায় এয়ারপোর্ট (১৩) আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা কর্তৃক জিজ্ঞাসাবাদকালে তিনি এলোমেলো কথা বলেন এবং তাকে তল্লাশি করে ১,০০০/- (এক হাজার) সৌদি রিয়াল, ৪৫০ (চারশত পঞ্চাশ) দিরহাম ও ৭৯০০ (সাত হাজার নয়শত) ইউএস ডলার পাওয়া যায়। কিন্তু তার পাসপোর্টে ১,০০০ (এক হাজার) ডলার এনডোর্স করা হয়েছে। অতিরিক্ত ডলার ও অন্যান্য বৈদেশিক মুদ্রা থাকার কারণ জিজ্ঞাসা করলে তিনি কোন সদুত্তর দিতে পারেন নাই এবং পাসপোর্টে এনডোর্স ব্যতিত অতিরিক্ত বৈদেশিক মুদ্রা নিজ দখলে রাখায় তার বিরুদ্ধে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনে বিমানবন্দর থানায় মামলা দায়ের করা হয়। বিমানবন্দর থানার মামলা নং-৪১; তারিখ : ২৭-১১-২০১৯ ।

০৩। সূত্রোক্ত ০৩ নং স্মারকের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নজরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, সিলেট কর্তৃক সরকারি ৩,৯৫,৯৫,১৭৯/- (তিন কোটি পঁচানব্বই লক্ষ পঁচানব্বই হাজার একশত উনআশি মাত্র) টাকা আত্মসাতের অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮'র ১২ বিধি মোতাবেক তাকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

০৪। আপনার সদয় অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সিলেট জেলার সদর উপজেলার মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ডাঃ মোঃ নজরুল ইসলাম কর্তৃক জনাব মোঃ নজরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (বরখাস্তকৃত) এর বিরুদ্ধে গত ০৩-১২-২০১৯ তারিখে দুর্নীতি দমন কমিশন, সিলেট সমন্বিত কার্যালয়ে অভিযোগ দাখিল করা হয়েছে।

এমতাবস্থায়, সরকারি টাকা আত্মসাতের অভিযোগে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ নজরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, সিলেট (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত), বয়স-৪৭ বছর, পিতা : আব্দুল মোছব্বির, সাং-বাহুবল, পোস্ট-খাদিম নগর, থানা-শাহপরান, জেলা-সিলেট, পাসপোর্ট নং-EE 0438006 এর বিরুদ্ধে

Scanned by TapScanner

আনিত অভিযোগের বিভাগীয় তদন্ত কার্যক্রম কিংবা দুদক কর্তৃক তদন্ত কার্যক্রম অথবা পুলিশ কর্তৃক তদন্ত কার্যক্রম পরিচালনা এবং অভিযোগ/মামলার রায় না হওয়া পর্যন্ত তিনি যাতে কোন অবস্থাতেই দেশ ত্যাগ পূর্বক বিদেশ গমন করতে না পারেন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পাশাপাশি অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনে বিমানবন্দর থানায় দায়েরকৃত মামলার সর্বশেষ অবস্থা (বিমানবন্দর থানার মামলা নং-৪১; তারিখ : ২৭-১১-২০১৯) নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো ।

(ডাঃ লুৎফুন্নাহার জেসমিন)
উপ-পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট।

স্মারক নং ঃ জেপপ/সিল/অভিযোগ তদন্ত/২০২০/ ৮৫/১(২৪) তারিখ ঃ ১৪ -০১- ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

০১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট।
০৪। অতিরিক্ত আইজিপি, এপিবিএন হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৫। পরিচালক/লাইন ডাইরেক্টর (প্রশাসন/অর্থ/এমসিএইচ-সার্ভিসেস/নিরীক্ষা/পরিকল্পনা/সিসিএসডিপি/এফএসডি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০৬। পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।
০৭। পরিচালক, সমন্বিত বিভাগীয় কার্যালয়, দুর্নীতি দমন কমিশন, সিলেট ।
০৮। জেলা প্রশাসক, সিলেট।
০৯। পুলিশ সুপার, সিলেট।
১০। এসএস (ইমিগ্রেশন), এসবি, ঢাকা ।
১১। উপ-পরিচালক, সমন্বিত জেলা কার্যালয়, দুর্নীতি দমন কমিশন, সিলেট।
১২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
১৩। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।
১৪। মেডিকেল অফিসার (সিসি) ও রিজিওন্যাল কনসালট্যান্ট, এফপিসিএস-কিউআইটি, সিলেট।
১৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)---------------, সিলেট।
১৬। অফিস নথি।

(ডাঃ লুৎফুন্নাহার জেসমিন)
উপ-পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট।

Scanned by TapScanner